তারিখ 01 FEB 1988
পৃষ্ঠা ৮ কলাম ১

দৈনিক বাংলা



## শিক্ষাঙ্গনে শান্তি না থাকলে সব চেষ্টা ব্যর্থ হবে : এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ রোববার সকালে ঢাকায় বলেন দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা হচ্ছে সরকারের ঘোষিত নীতি।

তিনি জানান, কিন্তু আমরা শিক্ষাঙ্গনে শান্তি বজায় রাখতে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে

(১ম পৃঃ পর)

না পারলে এ ব্যাপারে সমস্ত জাতীয় প্রচেষ্টাই ব্যর্থ হবে।

রোববার সকালে এরশাদ জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিত বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) কেন্দ্রীয় বার্ষিক প্রশিক্ষণ শিবির শেষে আনুষ্ঠানিক কুচকাওয়াজে প্রেসিডেন্ট এরশাদ বক্তৃতা করছিলেন।

প্রেসিডেন্ট সুসজ্জিত প্যারেড পরিদর্শন করেন এবং আকর্ষণীয় কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন। এ খবর বাসসর।

এই কুচকাওয়াজে সারা দেশের পাঁচটি বিশ্ববিদ্যালয়, ২০৮টি কলেজ ও ১৪৩টি স্কুলের পাঁচ শ জন ছাত্রীসহ প্রায় চার হাজার ক্যাডেট অংশগ্রহণ করেন।

অন্যান্যের মধ্যে বেগম রওশন এরশাদ উপ-প্রধানমন্ত্রী মওদুদ আহমদ, উপ-প্রধানমন্ত্রী প্রফেসর এম এ মতিন, মন্ত্রীবৃন্দ কূটনীতিকবৃন্দ, সৈন্য বাহিনীর স্টাফ প্রধান লেঃ জেনারেল এম আতিকুর রহমান, নৌবাহিনীর স্টাফ প্রধান রিয়ার এডমিরাল সুলতান আহমদ এবং পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষকরা আকর্ষণীয় কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন।

প্রেসিডেন্ট এরশাদ প্যারেড গ্রাউন্ডে এসে পৌঁছলে তাঁকে অভ্যর্থনা জানান প্রতিরক্ষা সচিব কাজী জালালউদ্দিন আহমদ এবং বিএনসিসির পরিচালক ব্রিগেডিয়ার মোহম্মদ আইনুদ্দীন।

মেজর ডাঃ মোহম্মদ এনামুল হক কুচকাওয়াজ পরিচালনা করেন। প্যারেড এডজুটেন্ট ছিলেন সেকেন্ড লেঃ নুরুজ্জামান।

সমাজে মূল্যবোধের অবক্ষয়ের কথা উল্লেখ করে তিনি বলেন এই অবস্থা কাটিয়ে ওঠার উদ্দেশ্যে তাঁর সরকার ধর্ম ও নৈতিক শিক্ষা এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তনের ওপর বিশেষ জোর দিয়েছেন। সঙ্গে সঙ্গে সবার জন্য শিক্ষার দ্বার তাঁর [illegible]

প্রেসিডেন্ট এরশাদ বলেন যুবকদের সুশৃংখল কর্মী বাহিনী রূপে গড়ে তোলার ব্যাপারে ন্যাশনাল ক্যাডেট কোর কার্যকর ফোরাম হতে পারে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মকান্ড সম্প্রসারণের ওপর এই সংগঠনের সাফল্য নির্ভর করে।

তিনি জানান, বিএনসিসির শক্তি বর্তমান ১৫ হাজার থেকে ১৯৯০ সালের মধ্যে এক লাখে বৃদ্ধি করার পরিকল্পনা সরকার করছেন।